

## গান

মনোমোহন, গহন যামিনীশেষে  
দিলে আমারে জাগায়ে ।  
মেলি দিলে শুভ প্রাতে সুপ্ত এ আঁখি  
শুভ্র আলোক লাগায়ে ॥  
মিথ্যা স্বপনরাজি কোথা মিলাইল,  
আঁধার গেল মিলায়ে ;  
শান্তি-সরসীমাবে চিত্তকমল,  
ফুটিল আনন্দ বায়ে ॥

করে ওই ডাকিছে,  
স্নেহের রব উঠিছে জগতে জগতে—  
তোরা আয়, আয়, আয়, আয় ।  
তাই আনন্দে বিহঙ্গ গান গাহে  
প্রভাতে, সে সুধাস্বর প্রচারে ।  
বিষাদ তবে কেন, অশ্রু বহে চোখে,  
শোককাতর আকুল কেন আজি  
কেন নিরানন্দ, চল সবে যাই—  
পূর্ণ হবে আশা ॥

অস্তরে জাগিছ অস্তরযামী ।  
তবু সদা দূরে ভ্রমিতেছি আমি ।

## ধর্ম সঙ্গীত

সংসারস্থখ করেচি বরণ,  
তবু তুমি মম জীবনস্বামী ॥  
না জানিয়া পথ ভ্রমিতেছি পথে,  
আপন গরবে অসীম জগতে ।  
তবু স্নেহনেত্র জাগে ধ্রুবতারা,  
তব শুভ আশিস্ আসিছে নামি ॥

---

শুভ্র আসনে বিরাজ অরুণ-ছটামাঝে,  
নীলাম্বরে ধরণীপরে  
কিবা মহিমা তব বিকাশিল ।  
দীপ্ত সূর্য্য তব মুকুটোপরি,  
চরণে কোটি তারা মিলাইল,  
আলোকে প্রেমে আনন্দে  
সকল জগত বিভাসিল ॥

---

আচ্ছ অস্তুরে চিরদিন, তবু কেন কাঁদি ।  
তবু কেন হেরি না তোমার জ্যোতি,  
কেন দিশাহারা অন্ধকারে ॥